

রাজশাহী বোর্ডে ১৪ দৃষ্টি প্রতিবন্ধীর সাফল্য

স্টাফ রিপোর্টার, রাজশাহী ।
রাজশাহী শিক্ষা বোর্ডের অধীন
বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান থেকে অংশ
নিয়ে দৃষ্টি ও শারীরিক প্রতিবন্ধীরাও
সাফল্য পেয়েছে। এ বোর্ডের
অধীন ১৪ জন দৃষ্টি প্রতিবন্ধী ও
দুইজন শারীরিক প্রতিবন্ধী বিভিন্ন
গ্রেডে উত্তীর্ণ হয়েছে। এদের মধ্যে
দৃষ্টি প্রতিবন্ধী হয়েও চারজন
পেয়েছে জিপিএ-৫।

এরা হলো, সিরাজগঞ্জের বেলল
হোসেনের ছেলে মাসুদ করিম,
পাবনার সামগুর্ল হকের ছেলে
আব্দুল্লাহ আল আমিন, মোখলেসুর
রহমানের ছেলে মোহাম্মদ আলী ও
বাবুল প্রমাণিকের ছেলে মনিরুল
ইসলাম।

এছাড়া দৃষ্টি প্রতিবন্ধী হয়ে বিভিন্ন
গ্রেডে উত্তীর্ণরা হলো, পাবনার
ভাসুড়ার হাসিবুল ইসলাম, বগুড়ার
নাইমা আক্তার, সলঙ্গার জান্নাতুল
ফেরদৌস, পুঠিয়ার মনিরুজ্জামান,
পোরশার অমৃত চন্দ্র বর্মণ,
জয়পুরহাটের বিলকিস খাতুন,
একই জেলার লিপসি খাতুন,
পাবনার গোলাপ মল্লিক, হুমায়ূন
কবির ও ~~ইজাজ আহম্মেদ~~ ইজাজ
উত্তীর্ণ শারীরিক প্রতিবন্ধীরা হলো,
রাজশাহীর ইজাজ আহম্মেদ ও
বগুড়ার আকিব আল জামি।
বৃধবার দুপুরে রাজশাহী
শিক্ষাবোর্ডের সভাকক্ষে
আয়োজিত সংবাদ সম্মেলনে এ
তথ্য জানানো হয়।